সংবাদ

তারিখ : 18 NOV 2012
পৃষ্ঠা : ২৩ কলাম ৪

শিক্ষা ব্যবস্থা জাতীয়করণসহ ১৭ দফা দাবিতে গতকাল কেন্দ্রীয় শহীদ মিনারে শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদ সমাবেশ করে -সংবাদ

শিক্ষক নেতাদের আল্টিমেটাম

৩১ ডিসেম্বরের মধ্যে দাবি না মানলে ১২ জানুয়ারি থেকে সব শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট

নিজস্ব বার্তা পরিবেশক

জাতীয় শিক্ষানীতি-২০১০ দ্রুত বাস্তবায়ন, শিক্ষাব্যবস্থা জাতীয়করণ, বাড়ি ভাড়া ও উৎসবভাতা বৃদ্ধিসহ ১৭ দফা দাবি বাস্তবায়নে শিক্ষা মন্ত্রণালয়কে ফের আলটিমেটাম দিয়েছে সরকার সমর্থক শিক্ষকরা। আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে দাবি মেনে না নিলে ১২ জানুয়ারি থেকে সারাদেশের শিক্ষাপ্রতিষ্ঠানে লাগাতার ধর্মঘটের ঘোষণা দিয়েছে বিভিন্ন সংগঠনের সমন্বয়ে গঠিত শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদের নেতারা।

গতকাল রাজধানীর কেন্দ্রীয় শহীদ মিনারে জাতীয় সমাবেশে শেষে সংগঠনের পক্ষ থেকে এ কর্মসূচি ঘোষণা করা হয়। বিভিন্ন জেলা থেকে আসা হাজার হাজার শিক্ষকদের পক্ষে কর্মসূচি ঘোষণা করেন শিক্ষক সমিতির সভাপতি ও শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদের অন্যতম আহ্বায়ক আতিয়ার রহমান। সমাবেশ শেষে একটি বিক্ষোভ মিছিল শিক্ষা ভবনের সামনে এসে

শিক্ষা : পৃষ্ঠা : ১৫ ক : ৭

শিক্ষা : প্রতিষ্ঠানে

(১৬ পৃষ্ঠার পর)

শেষ হয়। সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদের অন্যতম আহ্বায়ক ড. নূর মোহাম্মদ তালুকদার, বেসরকারি কারিগরি শিক্ষক সমিতির সভাপতি ও ঐক্য পরিষদের আহ্বায়ক অধ্যক্ষ শাহজাহান আলম সাজু, বিশ্ব শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি অধ্যাপক মাহফুজা খানম, ঐক্য পরিষদের সমন্বয়কারী রঞ্জিত কুমার সাহা প্রমুখ। এছাড়া বিভাগীয় জেলা-উপজেলার বিভিন্ন শিক্ষক-কর্মচারী সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদক সমাবেশে শুভেচ্ছা বক্তব্য দেন।

সমাবেশে শিক্ষক নেতারা বলেন, শিক্ষকরা সমাজের মহান পেশায় নিয়োজিত। তারা দেশ পরিচালনার দক্ষ কারিগর তৈরির কাজে নিয়োজিত। অথচ সমাজে শিক্ষকরাই সবচেয়ে বেশি বৈষম্যের শিকার। শিক্ষকদের ১০০ টাকার বাড়ি ভাড়া দেয়া হয় যা অত্যন্ত লজ্জাজনক। তারা অভিযোগ করেন, দাবি বাস্তবায়নে শিক্ষামন্ত্রী বারবার আমাদের আশ্বস্ত করেছেন কিন্তু তিনি তার প্রতিশ্রুতি বাস্তবায়ন করতে পারেননি। তাই আর কোন আশ্বাস নয়, আন্দোলন সংগ্রামের মাধ্যমে আমাদের ন্যায্য দাবি আদায় করব। সরকারের প্রতি আহ্বান থাকবে- যেন আমাদের ন্যায্য দাবি মেনে নেয়া হয়। আমাদের দাবি না মানা পর্যন্ত আমরা আমাদের আন্দোলন থেকে ফিরে যাব না।

অধ্যক্ষ শাহজাহান আলম সাজু বলেন, ১৭ দফা দাবি আদায়ে ঐক্য পরিষদ যে কোন ত্যাগ স্বীকারে প্রস্তুত আছে। তিনি এই সরকারকে শিক্ষাবান্ধব সরকার আখ্যায়িত করে বলেন, আমরা আশা করব সরকার দাবিগুলো মেনে নেবে।